

TOPLINE

৪৪.০৮.২৬৮০.০৬০.৪৮.০০১.১৬. ১৩০২

জনাব

সদর দপ্তর

বাংলাদেশ কোর্ট গার্ড

আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭

ফোনঃ ৮১৮১৮৭৩/০১৭৬৬৬৯০০৮০

অগ্রহায়ণ ১৪২৩

নভেম্বর ২০১৬

২০১৬-২০১৭ অর্থবছরের জন্য বাংলাদেশ কোর্ট গার্ড এ ২য় ধাপে সরবরাহকারী হিসাবে তালিকাভুক্তি করণ প্রসঙ্গে

১। বাংলাদেশ কোর্ট গার্ড এ ২০১৬-২০১৭ অর্থবছরের জন্য আপনার প্রতিষ্ঠানকে ক/খ/গ শ্রেণীভুক্ত সরবরাহকারী হিসাবে তালিকাভুক্ত করা হলো।

২। অত্র দপ্তরের তালিকাভুক্ত সরবরাহকারী হিসাবে নিম্নলিখিত শর্তাবলী মেনে চলতে হবেঃ

ক। তালিকাভুক্ত সংক্রান্ত সরকারী বিধি নিষেধ, দরপত্রের ক্ষেত্রে সরকারী ক্রয় নীতিমালা এবং কোর্ট গার্ড কর্তৃক আরোপিত শর্তাবলী মেনে চলতে হবে।

খ। তালিকাভুক্তির মেয়াদ এক অর্থবছরের জন্য বহাল থাকবে এবং নবায়নের জন্য পুনঃ আবেদন করতে হবে। অর্থবছরের মধ্যে কোন টেন্ডার কার্যে অংশগ্রহণ না করলে তালিকাভুক্তি বাতিল করা যেতে পারে।

গ। পাবলিক প্রকিউরমেন্ট বিধি-২০০৮ অনুযায়ী সকল উন্মুক্ত দরপত্রের জন্য নির্ধারিত বিধি মোতাবেক দরপত্রে জামানত বা টেন্ডার সিকিউরিটি প্রদান করতে হবে।

ঘ। পাবলিক প্রকিউরমেন্ট বিধি-২০০৮ এর বিধি-৬৫(৫) মোতাবেক সীমিত দরপত্রে তালিকাভুক্ত সরবরাহকারীদের জন্য টেন্ডার সিকিউরিটি আবশ্যিক নয়। তবে অত্র সংস্থা পরিস্থিতি অনুযায়ী টেন্ডার সিকিউরিটির ব্যাপারে সুনির্দিষ্ট সিদ্ধান্ত প্রদান করবেন।

ঙ। প্রতিযোগিতামূলক টেন্ডারে অংশগ্রহণের মাধ্যমে কোন কার্যাদেশ প্রাপ্ত হলে উক্ত কার্যাদেশ সাবকন্ট্রাক্ট/হস্তান্তর করা যাবেনা। যে কোন কাজ সাবকন্ট্রাক্ট/হস্তান্তর করার ব্যাপারে সুনির্দিষ্ট অভিযোগ পাওয়া গেলে কার্যাদেশ বাতিলসহ তালিকাভুক্তি বাতিল করা হবে।

চ। অন্য কোন সরকারী, আধা-সরকারী এবং স্বায়ত্ত্ব শাসিত প্রতিষ্ঠান কর্তৃক আপনার প্রতিষ্ঠান কালো তালিকাভুক্ত হয়ে থাকলে/হলে অত্র সংস্থার তালিকাভুক্তি বাতিল করা হবে।

ছ। অত্র দপ্তরে বিভিন্ন স্তরে নিয়োজিত সকল কর্মকর্তা ও কর্মচারীদের সহিত কোন প্রকার অসদাচরণ, কিংবা সরকারী আচরণ বিধির পরিপন্থী কার্যকলাপ পরিলক্ষিত হলে তালিকাভুক্তি বাতিল করা হবে।

জ। অত্র দপ্তরের মাধ্যমে বাস্তবায়িতব্য যে কোন কাজের দরপত্র দলিল ক্রয় এবং দাখিলের সময় প্রত্যক্ষ/পরোক্ষ ভাবে বাধার সৃষ্টি করলে অত্র সংস্থার তালিকাভুক্তি বাতিল করা হবে।

ঝ। তালিকাভুক্ত প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে সকল কাজ বাস্তবায়নে কর্তৃপক্ষ বাধ্য নহে। জরুরী/বিশেষ ধরনের কোন কাজে তালিকাভুক্ত/প্রকৃত প্রতিষ্ঠানসমূহের মধ্য হতে সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত পূর্বক অথবা নতুনভাবে প্রিকোয়ালিফিকেশন যাচাই করে যে কোন কাজ বাস্তবায়ন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

ঞ। আইন শৃংখলার পরিপন্থী কোন কাজ করলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ট। আপনাকে অথবা আপনার প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধিকে কোর্ট গার্ড এ প্রবেশের জন্য ০১ বছর মেয়াদী অস্থায়ী পরিচয়পত্র প্রদান করা হবে। এক্ষেত্রে পরিচয়পত্র তৈরী বাবদ খরচ আপনার প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

ঠ। আপনার প্রদত্ত তথ্যাবলী ভুল প্রমাণিত হলে তালিকাভুক্তি বাতিল করা হবে এবং সরকারী বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। উপরোক্ত শর্ত সাপেক্ষে আপনার প্রতিষ্ঠানকে বাংলাদেশ কোর্ট গার্ড এ সরবরাহকারী হিসাবে তালিকাভুক্তি করা হলো। এ বিষয়ে বিস্তারিত জানার জন্য বাংলাদেশ কোর্ট গার্ড এর লজিস্টিক্স পরিদপ্তরের সাথে যোগাযোগ করা যেতে পারে।

প্রতি :

এঃ এম কুদরতউল্লাহ

ক্যাপ্টেন বিএন

পক্ষে মহাপরিচালক

সৈয়দা হিন্দ

চ/স, ইন্দিরা রোড